

ঢাকা ওয়াসা

- ১) ২০২৫-২৬ অর্থ-বছরের সংশোধিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার কপি।
- ২) বিভিন্ন দপ্তর হতে প্রাপ্ত পত্র।
- ৩) পূর্বানুমোদিত দরের কপি।
- ৪) প্রাক্কলন।

বিষয়: রাষ্ট্রীয়ভাবে আয়োজিত বিভিন্ন অনুষ্ঠানে বিশুদ্ধ পানি সরবরাহের জন্য পানির ট্যাংক স্থাপন ও পরবর্তীতে পানির ট্যাংকসহ অন্যান্য মালামাল ফেরত আনয়ন কাজ অনুমোদন প্রসংগে।

১) উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অত্র জোনের আওতাধীন এলাকায় রাষ্ট্রীয়ভাবে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হয়ে থাকে। উক্ত অনুষ্ঠানস্থলে বিশুদ্ধ পানি সরবরাহের জন্য বিভিন্ন সময়ে বিভিন্ন সরকারী দপ্তর হতে কর্তৃপক্ষ বরাবর পত্র প্রদান করে থাকে। সেপ্রেক্ষিতে অনুষ্ঠানস্থলে পিভিসি ট্যাংক স্থাপন করে বিশুদ্ধ পানি সরবরাহ করা হয়ে থাকে। পানির ট্যাংক স্থাপন কাজে পানির কল, পানির মগ ও আনুষঙ্গিক মালামাল ক্রয় করা প্রয়োজন হয়। এছাড়াও পানির ট্যাংক ধোত করণ, স্ট্যান্ড সহযোগে পানির ট্যাংক স্থাপন এবং অনুষ্ঠান শেষে স্ট্যান্ডসহ পানির ট্যাংক ফেরত আনার কাজে শ্রমিক নিয়োজিত করা প্রয়োজন হয়। (খসড়া-২,২,৩)।

২। উপরিউক্ত বর্ণনার আলোকে বিভিন্ন অনুষ্ঠানে পানির ট্যাংক স্থাপন ও অনুষ্ঠান শেষে পানির ট্যাংকসহ অন্যান্য ফেরত আনার জন্য একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। উক্ত প্রাক্কলনে টাকার পরিমাণ দাঁড়িয়েছে মোট ৳২৮,৫০০/- (আটাশ হাজার পাঁচশত) টাকা মাত্র (ক্রমিক নং:৩৮)। আলোচ্য কাজটি পিপিআর-২০২৫ এর বিধি ১০০(১) অনুযায়ী নগদ ক্রয় পদ্ধতিতে (অস্থায়ী অগ্রিম হিসাবে) সম্পন্ন করা যেতে পারে। আলোচ্য কাজের ব্যয়ভার মডস জোন-৩ এর ২০২৫-২৬ অর্থ বছরের সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনার “পানির লাইন রক্ষণাবেক্ষণ” খাত এর থোক বরাদ্দ ক্রমিক নং- B.18(40) হতে নির্বাহ করা যেতে পারে।

৩) এমতাবস্থায়, উপরিউক্ত বর্ণনার আলোকে রাষ্ট্রীয়ভাবে আয়োজিত বিভিন্ন অনুষ্ঠানে বিশুদ্ধ পানি সরবরাহ জন্য পানির ট্যাংক স্থাপন ও পরবর্তীতে পানির ট্যাংকসহ অন্যান্য মালামাল ফেরত আনয়ন শীর্ষক কাজের জন্য নিম্নোক্ত প্রস্তাব সমূহ সদয় অনুমোদন করা যেতে পারেঃ

ক) উল্লিখিত কাজটি সম্পাদনের জন্য ৳২৮,৫০০/- (আটাশ হাজার পাঁচশত) টাকা মাত্র এর অনুমোদন;

খ) পিপিআর-২০২৫ এর বিধি ১০০(১) অনুযায়ী নগদ ক্রয় পদ্ধতিতে (অস্থায়ী অগ্রিম হিসাবে) সম্পন্ন করার অনুমোদন এবং

গ) আলোচ্য কাজের ব্যয়ভার মডস জোন-৩ এর ২০২৫-২৬ অর্থ বছরের সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনার “পানির লাইন রক্ষণাবেক্ষণ” খাত এর থোক বরাদ্দ ক্রমিক নং- B.18(40) হতে নির্বাহ করার অনুমোদন।

উল্লিখিত প্রস্তাবসমূহ সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হ'ল।

মোস্তাক আহমেদ
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৩
ঢাকা ওয়াসা

মিলন মজুমদার
সহকারী প্রকৌশলী
মডস জোন-৩, ঢাকা ওয়াসা।

সালেহ মোহাম্মদ তাওসিফ
নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ)
মডস জোন-৩, ঢাকা ওয়াসা।

মোঃ ফিরোজ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-১, ঢাকা ওয়াসা।

আলমগীর হাছিন আহমেদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।

MOS-1

